

আপনার সম্পত্তি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য

ভুল সংশোধন বা চ্যালেঞ্জ করা অর্থ বিভাগের নির্ধারণসমূহ:
যা করতে nyc.gov/updatepropertydata এ আপনি
ফরমগুলি ডাউনলোড করতে পারবেন:

- আপনার সম্পত্তি সংক্রান্ত ভুল তথ্য যা অর্থ বিভাগের নথি বা ওয়েবসাইটে রয়েছে সেগুলো সংশোধন করতে।
- আপনার সম্পত্তির মূল্যের ব্যাপারে অর্থ বিভাগের নির্ধারণকে চ্যালেঞ্জ করতে।
- আপনার সম্পত্তির কর রেয়াৎ বা হ্রাসের ব্যাপারে বিভাগের প্রত্যাখ্যান বা অপসারণের ব্যাপারে আবেদন করতে। (রেয়াতের ব্যাপারে যদি অস্বীকৃতি জানানো হয় তাহলে আপনি নিউ ইয়র্ক সিটি ট্যাক্স কমিশনে আবেদন করতে পারেন। আরো তথ্যের জন্য nyc.gov/html/taxcomm দেখুন।)

311-এ কল করে আপনি সহায়তার জন্য অনুরোধ করতে পারেন।



সম্পত্তির কর প্রদানের গুরুত্বপূর্ণ তারিখগুলো



জানুয়ারি	সম্পত্তির মূল্যের আর্থিক মেইল বিজ্ঞপ্তি
ফেব্রুয়ারি	কো-অপ/কন্ডো হ্রাসের জন্য আবেদন করার শেষ সময়
মার্চ 1	ট্যাক্স ক্লাস 2 ও ট্যাক্স ক্লাস 4 অনুযায়ী সম্পত্তির নির্ধারিত মূল্যের বিষয়ে NYC ট্যাক্স কমিশনের নিকট আপত্তি জানানোর শেষ সময়।
মার্চ 15	ব্যক্তিগত রেয়াতের জন্য আবেদনের শেষ সময়। অর্থ বিভাগের সাথে ট্যাক্স ক্লাস 1 অনুযায়ী সম্পত্তির আর্থিক এবং নির্ধারিত মূল্যের সাথে সঙ্গতি রেখে বাজার মূল্যের বিষয়ে NYC ট্যাক্স কমিশনের নিকট আপত্তি জানানোর শেষ সময়।
এপ্রিল 1	ট্যাক্স ক্লাস 2 ও ট্যাক্স ক্লাস 4 সম্পত্তির আর্থিক বাজার মূল্যের বিষয়ে আপত্তি জানানোর শেষ সময়।
মে	অর্থ বিভাগ পরবর্তী অর্থ বছরের জন্য চূড়ান্ত মূল্যায়ন তালিকা প্রকাশ করেছে এবং সম্পত্তির করের বিল প্রস্তুত করেছে যা জুলাই 1 এ শুরু হবে।
জুন	জুলাই মাসে পরবর্তী অর্থ বছরের জন্য করদাতারা তাদের সম্পত্তি করের প্রথম বিলটি পাবেন।
জুলাই 1	নতুন কর বছর শুরু হবে: করদাতাদের কাছ থেকে পূর্বের বছরের কর হার অনুযায়ী কর আরোপ করা হবে। সিটি কাউন্সিল করের নতুন হার নির্ধারণ করলে বছরের প্রথম দিকের কর পুনরায় হিসাব করা হবে।

করদাতাদের আইনজীবীর অফিস অর্থ বিভাগের অধীনে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। অর্থ বিভাগের সাথে যেকোনো ধরনের সমস্যার ক্ষেত্রে আমরা করদাতাদের সমাধান প্রদানে সহায়তা করে থাকি এবং ভবিষ্যতের সম্ভাব্য সমস্যা প্রতিরোধে পরিবর্তনগুলো সম্পর্কে আমরা পরামর্শ দিয়ে থাকি। আমাদের অফিসে এটি সুনিশ্চিত করা হয় যে নিউ ইয়র্ক সিটি ট্যাক্সপেয়ার বিল অব রাইটস অনুযায়ী করদাতাদের সাথে ন্যায্য ব্যবহার করা হয়ে থাকে।

করদাতা আইনজীবীদের

অফিস



ব্যবসায়িক কর

সম্পত্তি কর

নিরীক্ষা

কর সংগ্রহের অ্যাকাউন্ট

রেয়াৎ

রেন্ট ফ্রিজ প্রোগ্রাম

NYC
Department of Finance

করদাতাদের আইনজীবীর অফিসে যোগাযোগ করুন

যদি আপনি ইতোমধ্যে অর্থ বিভাগের সাথে কর সংক্রান্ত সমস্যা সমাধানে যথেষ্ট চেষ্টা করে থাকেন কিন্তু আশানুরূপ কোনো ফলাফল না পান, তাহলে করদাতাদের আইনজীবীর অফিস আপনাকে সহায়তা করবে।

নিচের কোনো একটি বিবৃতি সঠিক হলে আমাদের সাথে যোগাযোগ করুন:

1. আপনি যদি এটি দেখাতে পারেন যে অর্থ বিভাগ অন্যায় বা ভুলভাবে কর আইন, নিয়ম বা নীতি প্রণয়ন করেছে বা করদাতা হিসেবে আপনার অধিকারকে অগ্রাহ্য করেছে।
2. ঋণের জন্য আপনি অর্থ বিভাগ কর্তৃক কোনো ধরনের হমকির সম্মুখীন হয়েছেন (যেমন আপনার অর্থ বা সম্পত্তি বাজেয়াপ্ত করা) যা আপনার কাছে অন্যায়, বেআইনি বা ভুল বলে মনে হয়েছে সেটা দেখাতে পারেন।
3. আপনি উপস্থাপন করতে পারেন যে যদি সমাধান না করা হয় তাহলে আপনি দীর্ঘমেয়াদী বা স্থায়ী ক্ষতির সম্মুখীন হতে পারেন।
4. অর্থ বিভাগের নিয়মে আপনি সমস্যা লক্ষ্য করেছেন যা অন্য করদাতাদেরকেও সমস্যায় ফেলতে পারে।
5. আপনি বিশ্বাস করেন যে আপনার কেসের মূল বিষয়গুলো জনসাধারণের নীতিকে সমর্থন করে যার কারণে করদাতাদের আইনজীবী অফিস আপনাকে সহায়তা করবে।

*অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে nyc.gov/contactdof দেখুন

করদাতাদের আইনজীবীর অফিস আপনাকে সহায়তা করতে পারবে না যদি

- আপনি 311 নম্বরে যোগাযোগ করে সমস্যা সমাধানের জন্য অর্থ বিভাগের সাধারণ মাধ্যমগুলোর মাধ্যমে যথেষ্ট চেষ্টা করেননি।
- আপনার আইনি পরামর্শ বা কর প্রস্তুতির ক্ষেত্রে সহায়তা প্রয়োজন।
- আপনি ট্যাক্স কমিশন, ট্যাক্স আপিল ট্রাইব্যুনাল বা স্টেট কোর্টে মামলা করেছেন বা করতে চান অথবা এর মধ্যে যেকোনো কর্তৃপক্ষ হতে সিদ্ধান্তের জন্য আবেদন করছেন।
- আপনি অভিযোগ কর যে নিউ ইয়র্ক সিটি ট্যাক্স আইন বা ট্যাক্স সিস্টেম সাংবিধানিক আইন লংঘন করছে।
- করদাতাদের আইনজীবী অফিস নির্ধারণ করে যে আপনার অনুসন্ধানের উদ্দেশ্য হচ্ছে নিউ ইয়র্ক সিটি ট্যাক্স পরিশোধে বিলম্ব করা বা এড়ানো।
- আপনি পার্কিং টিকেট, বিক্রয় বা ব্যক্তিগত আয়ের কর বা ফেডারেল আয়করের ব্যাপারে সহায়তা প্রত্যাশা করছেন।



যদি প্রতিবন্ধকতার কারণে আপনার অর্থ বিভাগ কর্তৃক পরিচালিত কোনো প্রোগ্রামে অংশগ্রহণ করতে বা কোনো পরিশোধ গ্রহণ করতে আবেদন করার জন্য বাসস্থান প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে nyc.gov/contactdofeeo-এ ডিজিভিলিটি সার্ভিসেস ফ্যাসিলিটের এর সাথে যোগাযোগ করুন বা 311 নম্বরে কল করুন।

করদাতাদের আইনজীবীর অফিসে যোগাযোগ করুন

করদাতাদের আইনজীবী অফিস থেকে সহায়তা পাওয়ার প্রথম পদক্ষেপ হচ্ছে আমাদের ওয়েবসাইট nyc.gov/taxpayeradvocate দেখতে হবে এবং DOF 911 ফরম, “করদাতাদের আইনজীবী অফিস থেকে সহায়তার জন্য আবেদন” পূরণ করতে হবে। আপনার যদি কোনো কিছু জানার থাকে, তাহলে আমাদের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন:

- ইমেল:
nyc.gov/taxpayeradvocate
- কল:
311 বা (212) 748-4785
- ফ্যাক্স:
(646) 500-6907
- মেল:
NYC Office of the Taxpayer Advocate
375 Pearl Street, 26th Floor
New York, NY 10038

করদাতাদের আইনজীবী অফিস আপনাকে নিচের সমস্যা সমাধানে সহায়তা করতে পারে:

- সম্পত্তির কর ও রেয়াৎ
- ব্যবসায়িক কর
- নিরীক্ষা
- কর সংগ্রহের অ্যাকাউন্ট
- রেন্ট ফ্রিজ প্রোগ্রাম এবং অন্যান্য সুবিধা